বাউফল উপজেলার তিন ভূমি অফিস পরিদর্শন করলেন উপ-ভূমি সংস্কার কমিশনার

স্বাস্থ্যবিধি মেনে বরিশাল বিভাগের উপ-ভূমি সংস্কার কমিশনার (ডিএলআরসি) তরফদার মোঃ আক্তার জামীল পটুয়াখালী জেলার বাউফল উপজেলার তিন ভূমি অফিস পরিদর্শন করেছেন। ৬ সেপ্টেম্বর ২০২০ তারিখ রবিবার তিনি উক্ত ভূমি অফিসসমূহ পরিদর্শন করেন।

বেলা ১০:৩০ টায় প্রথমে তিনি বাউফল উপজেলা ভূমি অফিস পরিদর্শনে যান এবং ভূমি অফিসের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করেন। এসময় তিনি পেন্ডিং ই-নামজারিসমূহ দ্রুত আইনানুগভাবে নিষ্পত্তিকরণের র্নিদেশনা দেন। এছাড়া যে সকল হাট-বাজারের পেরীফেরি নির্ধারণ করা হয়নি তা অতি সত্বর পেরীফেরিভূক্তকরণ, চান্দিনা ভিটি ও অর্পিত সম্পতির লীজ আইনানুগভাবে নবায়ন, মিস কেইস ও অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তিকরণ, দেওয়ানী মামলার এসএফ যথাসময়ে প্রেরণ,সিকস্তি ও পয়স্তি জমির এডি লাইন নির্ধারণ, প্রভৃতি বিষয়ের উপর গুরুত্বারোপ করেন। এরপর তিনি একে একে বাউফল ইউনিয়ন ভূমি অফিস এবং বগা ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেন। এখানে তিনি খাস জমিসহ সরকারি সকল সম্পত্তি সঠিকভাবে সংরক্ষণ, তলব বাকী অর্থ্যাৎ ২ নং রেজিস্টার হোল্ডিং ওয়ারী সরেজমিন পরিদর্শনপূর্বক হালনাগাদ করার নির্দেশনা দেন।

এছাড়া এ সময় তিনি স্বাস্থ্যবিধি মেনে ভূমি অফিসের সকল কর্মকর্তা- কর্মচারীকে নিষ্ঠা ও সততার সাথে সেবা নিতে আসা জনগণের প্রতি দায়িত্ব পালনের আহবান জানান। এসময় তার সাথে বাউফল উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মো: আনিছুর রহমান বালী
এবং ভূমি অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর ১ আসনের সাবেক এমপি জয়নাল আবেদীন অসুস্থ

মেেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব জয়নাল আবেদীন হৃদ জনিত কারনে অসুস্থ হয়ে ঢাকার একটি বেসরকারী আজগর আলী হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

তিনি গতকাল শনিবার নিজ বাসায় হৃদরোগ জনিত কারণে অসুস্থ হলে দ্রুত তাকে এ্যাম্বুলেন্স যোগে ঢাকা ওয়ারীতে আজগর আলী হাসপাতালে ভর্তি করা হয়।

বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন আছেন।

সিনহা হত্যা: পুলিশের ৪ সদস্য ফের ৪ দিনের রিমান্ডে

সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যা মামলার আসামি পুলিশের চার সদস্যকে দ্বিতীয় দফায় চার দিনের রিমান্ডে নেয়া হয়েছে।

রোববার বেলা ১১টায় জেলা কারাগার থেকে তাদের জেলা সদর হাসপাতালে নিয়ে শারীরিক পরীক্ষা করানো হয়। এর পর তাদের জিজ্ঞাসাবাদের জন্য র্যাহব-১৫ কক্সবাজার ক্যাম্পে নিয়ে যাওয়া হয়।

তারা হচ্ছেন- উপপরিদর্শক লিটন মিয়া, কনস্টেবল সাফানুর করিম, কামাল হোসেন ও আবদুল্লাহ আল মামুন।

বিষয়টি নিশ্চিত করেছেন জেলা কারাগারের সুপার মো. মোকাম্মেল হোসেন।

মামলার তদন্ত কর্মকর্তা র্যাকবের সিনিয়র এএসপি খাইরুল ইসলাম জানান, এই পুলিশ সদস্যদের অধিকতর জিজ্ঞাসাবাদের জন্য দ্বিতীয়

দফায় গত ২৪ আগস্ট রিমান্ডের আবেদন করা হয়। আদালত চার দিন রিমান্ড মঞ্জুর করেছেন। এর পরিপ্রেক্ষিতে আজ তাদের রিমান্ডে নেয়া হয়েছে।

এর আগে পুলিশের অপর তিন সদস্য ওসি প্রদীপ, পরিদর্শক লিয়াকত ও এএসআই নন্দদুলালকে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। তাদের মধ্যে প্রদীপকে চার দফায় ১৫ দিন এবং লিয়াকত ও নন্দদুলাল রক্ষিতকে তিন দফায় ১৪ দিন করে রিমান্ডে নেয়া হয়।

লিয়াকত ও নন্দদুলাল ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিলেও প্রদীপ রাজি হননি। তারা সবাই এখন কারাগারে রয়েছেন। এপিবিএনের তিন সদস্যসহ এ পর্যন্ত আটজন স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

সূত্র- যুগান্তর

ইউএনও ওয়াহিদার চিকিৎসায় যা করা দরকার সবই করা হবে: স্বাস্থ্যমন্ত্রী

গুরুতর আহত দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ওয়াহিদা খানমের চিকিৎসার জন্য যখন যা করা দরকার তার সবই করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

রোববার সকালে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্সেস ও হাসপাতালে ইউএনও ওয়াহিদা খানমের শারীরিক অবস্থা পর্যবেক্ষণ শেষে তিনি এ কথা বলেন।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, ইউএনও ওয়াহিদা আমার সঙ্গে কথা বললেন। আমার কাছে মনে হয়েছে উনি এখন অনেকটা ভালো অবস্থায় আছেন। উনার আঘাতপ্রাপ্ত স্থানে আটজন ডাক্তার আড়াই ঘণ্টা ধরে সফলতার সঙ্গে অপারেশন করেছেন। এখন রোগী অনেকাংশে ভালো আছেন। উনার ডান দিকের অংশটা এখনও অবশ আছে। ডাক্তাররা বলেছেন– ফিজিক্যাল থেরাপি দিলে ধীরে ধীরে এটা ভালো হয়ে যাবে। এ রকম একটা জটিল রোগীকে সফলতার সঙ্গে নিউরোসায়েন্স চিকিৎসা দেয়ায় আমরা গর্বিত।

প্রধানমন্ত্রী চিকিৎসার খোঁজখবর রাখছেন জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবসময় খোঁজখবর রাখছেন। তার চিকিৎসার প্রয়োজনে যা যা দরকার, তার সবই দেয়া হবে।

জাহিদ মালেক বলেন, অপারেশন পরবর্তী ৭২ ঘণ্টা সোমবার সকালে শেষ হবে। এখনও ইনফেকশনের লক্ষণ দেখা যায়নি। দোয়া করি, ইনফেকশন যেন না হয়। আমি নিজ চোখে দেখে আসছি, রোগী সুন্দর ব্যবস্থাপনায় আছেন এবং সবকিছু ভালোভাবে চলছে। এখন রোগী যে পর্যায়ে আছে, তাতে দেশের বাইরে যাওয়ার কোনো প্রয়োজন নেই। ভবিষ্যতে যদি প্রয়োজন হয়, তখন সেটি সিদ্ধান্ত নেয়া হবে।

বুধবার রাত আড়াইটার দিকে উপজেলা পরিষদ চত্বরে ইউএনওর সরকারি বাসভবনে ঢুকে হামলা করে সন্ত্রাসীরা। ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে এবং আঘাত করে ইউএনও ওয়াহিদাকে গুরুতর আহত করে তারা। এ সময় মেয়েকে বাঁচাতে এলে বাবা মুক্তিযোদ্ধা ওমর আলী শেখকে (৭০) জখম করে দুর্বৃত্তরা।

সূত্র- যুগান্তর

আওয়ামী লীগ সরকারের হজমশক্তি অনেক বেশি: গয়েশ্বর

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের হজমশক্তি অনেক বেশি। যে কারণে পিলখানা হত্যাসহ হাজারো ঘটনাকে তারা হজম করতে পেরেছে। কিন্তু যৌবনে এই শক্তিকে স্বাভাবিক মনে হলেও পরবর্তী জীবনে এর খেসারত দিতে হয়। ইতিহাস কাউকে ক্ষমা করে না।

শনিবার (৫ সেপ্টেম্বর) এক ভার্চুয়াল আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বিএনপি কমিউনিকেশন সেল, বিএনআরসি পরিচালক ও প্রধান সমন্বয়ক সাবেক এমপি জহির উদ্দিন স্বপনের উদ্যোগে আয়োজিত ‘ইতিহাস বিকৃতির অপতৎপরতা রুখতে হবে’ শীর্ষক এ সভার আয়োজন করা হয়।

গয়েশ্বর বলেন, ১৫ আগস্ট রক্তাক্ত ইতিহাসে সুবিধাভোগী হয়েছিল আওয়ামী লীগই। তখনকার ইতিহাসে ওই রক্তাক্ত সিঁড়ি বেয়ে আওয়ামী লীগের মন্ত্রী-এমপিরাই পরবর্তীতে ক্ষমতায় এসেছিলেন। ওই সময়ে জিয়াউর রহমান সেনাবাহিনীর দ্বিতীয় সর্বোচ্চ কর্মকর্তা ছিলেন।

শেখ মুজিবুর রহমানকে হত্যার পর তিনি সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনার কথা বলেছিলেন। তিনি কাউকে সমর্থন জানাননি। তিন বাহিনী প্রধান খন্দকার মোশতাকের শপথ অনুষ্ঠানে গেলেও তিনি যাননি। এরপরও বর্তমান আওয়ামী লীগ সরকার রাজনীতিতে তাকে হেয় করার জন্যই ওই ঘটনায় তাকে সম্পৃক্ত করার চেষ্টা করছে। ইতিহাস বিকৃতি করছে।

সূত্র- বিডি প্রতিদিন

মোবাইল ব্যাংকিংয়ের তথ্য কী করে পায় প্রতারকরা?

মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে নিজের অ্যাকাউন্টে ক্যাশ ইন করে দ্রুতই বাসায় ফেরেন মোহাম্মদপুরের এক বাসিন্দা। এর পর থেকে শুরু হয় একের পর এক নাটকীয়তা। মোবাইল ব্যাংকিংয়ের এজেন্ট পরিচয়ে ফোনে পলাশ নামের ওই ব্যক্তিকে জানানো হয়, জাল টাকা লেনদেনের অভিযোগে তাঁর অ্যাকাউন্ট ব্লক করা হয়েছে। তবে ব্লক খুলতে চাইলে ৩০ সেকেন্ডে বলতে হবে মোবাইলে পাঠানো কোড নম্বর। একই সঙ্গে ওই নম্বরে পাঠাতে হবে ১০ হাজার টাকা।

এভাবে ধাপে ধাপে পলাশের কাছ থেকে ১১ হাজার ২০৬ টাকা হাতিয়ে নেয় প্রতারকরা। গত বৃহস্পতিবার বিকেলে এ ঘটনার সূত্রপাত মোহাম্মদপুর শিয়া মসজিদ এলাকার এক মোবাইল ব্যাংকিংয়ের এজেন্টের দোকানে। কিন্তু আম্মাজান টেলিটক নামের ওই দোকানের মালিক ঘটনা সম্পর্কে বলেন, ‘আমি এ বিষয় সম্পর্কে কিছুই জানি না। হ্যাকাররা এমন করতে পারে।’ তবে ভুক্তভোগীদের প্রশ্ন, এজেন্টদের তথ্য কী করে এত সহজে প্রতারকরা পেয়ে যায়।

র্যাব সূত্র জানায়, গত মাসে এ ধরনের প্রতারণায় জড়িত ১১ জনকে

গ্রেপ্তার করা হয়েছে। প্রতারকরা একের পর এক কৌশলে কাজটি করে থাকে। এ কারণে অনেক বিচক্ষণ লোকও বোকা বনে যায়।

পলাশ জানান, ওই এজেন্ট থেকে নিজের অ্যাকাউন্টে এক হাজার টাকা ভরেন তিনি। যথারীতি ক্যাশ ইনের মেসেজ আসে। এরপর এজেন্ট পরিচয়ে ০১৮১৯-৭৭৪৭৬১ নম্বর থেকে ফোন করে জানানো হয়, ওই দোকান থেকে এক নারী নিজ অ্যাকাউন্টে ১৫ হাজার টাকা পাঠিয়ে জাল টাকা দিয়ে গেছেন, কিন্তু দোকানির ভাই ভুলে খাতার ওপরের দিকে থাকা পলাশের নম্বরটির বিষয়ে অফিসে অভিযোগ করেছেন। তাই তাঁর আইডি বন্ধ করে দেওয়া হয়েছে। এখন অফিস থেকে ০১৬ দিয়ে শুরু হওয়া একটি নম্বর থেকে তাঁর মোবাইলে কল যাবে এবং তখন যা যা করতে বলে তাই তাঁকে করতে হবে।

কিছুক্ষণের মধ্যেই +১৬২৪৭ নম্বর থেকে কল আসে পলাশের নম্বরে। পরে লাইন কেটে যায়। এরপর ০১৬০১-৯৬৪৫৮২ নম্বর থেকে কল করে জানানো হয়, একটি কোড নম্বর মোবাইলে যাবে, যা ৩০ সেকেন্ডের মধ্যে বলতে হবে। ওই কোড বলার পর লাইনে থাকা অবস্থায়ই ১০ হাজার টাকা নিজের অ্যাকাউন্টে ঢোকাতে হবে। এরপর ওই নম্বরে টানা ৩৬ মিনিট ৩৭ সেকেন্ড কথা বলার পর পলাশ তাদের কথামতো টাকা পাঠানোর পর দেখেন, তাঁর অ্যাকাউন্ট এবার সত্যি সত্যি বন্ধ হয়ে গেছে। কিছু সময় পর আবার ওই দোকানি পরিচয়ে ফোন করে জানায়, তাঁরা প্রতারণার শিকার হয়েছেন। তাঁদের অনেক টাকা হাতিয়ে নিয়েছে প্রতারকচক্র। দোকানি পরিচয় দেওয়া সেই মোবাইল নম্বরটিও এখন বন্ধ।

আম্মাজান টেলিকমের মালিক রিপন কালের কণ্ঠকে বলেন, ‘হ্যাকাররা কেমনে নম্বর পেয়ে যায়, বুঝি না। আমরা কাদের সঙ্গে লেনদেন করছি, কত টাকা পাঠাচ্ছি, সব তথ্য তারা পেয়ে যায়। পরে আমাদের পরিচয় দিয়ে কাস্টমারের সঙ্গে প্রতারণা করে টাকা হাতিয়ে নেয়।’ তিনি নিজেই এমনটা করেছেন কি না, জানতে চাইলে রিপন বলেন, ‘যে নম্বর থেকে রিং দেওয়া হয়েছে সেই নম্বরের খবর নিলেই তো সত্য জানা যাবে। তাই আপনার যা মন চায় করেন।’

এ সম্পর্কে বিকাশের কমিউনিকেশন বিভাগের প্রধান সামসুদ্দিন হায়দার ডালিম কালের কণ্ঠকে বলেন, কে কত লেনদেন করছে, এটা আসলে হ্যাকারদের জানার বিষয় নয়। এজেন্টের আশপাশে কিছু লোক ঘোরাঘুরি করে। তারা কখন কার অ্যাকাউন্টে টাকা গেল-এলো সেই খবর রাখে। এজেন্ট পয়েন্টে যখন কেউ টাকা দেয় তখন একটু গোপনে দেওয়া গেলে হয়তো সমস্যা থেকে বাঁচা যেত। কোনোভাবেই নিজের পিন নম্বর ও পাসওয়ার্ড দেওয়া যাবে না। প্রতারণা করে টাকা হাতিয়ে নিলে কিছুই

করার থাকে না।

সূত্র- কালের কন্ঠ

সমর্থকদের ২ বার করে ভোট দিতে বললেন ট্রাম্প

সমর্থকদের দু’বার করে ভোট দিতে বলছেন মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একবার ডাকযোগে আর একবার সশরীরে ভোটকেন্দ্রে গিয়ে। উত্তর ক্যারোলাইনার উইলমিংটনে গিয়ে একটি সাক্ষাৎকারে তিনি বলেন, তাদের কথা মতো ব্যবস্থাপনা যদি এতই ভাল হয়, তাহলে সশরীরে ভোটকেন্দ্রে গিয়ে ভোটই দিতে পারবেন না কেউ।’

শুরু থেকেই ডাকযোগে ভোটের বিরোধিতা করে গেছেন ট্রাম্প। প্রমাণ ছাড়াই তার অভিযোগ, মেইল ইন ব্যালটে ভোট হলে জালিয়াতি করার সুযোগ পাবে ডেমোক্র্যাটরা!। পেনসিলভ্যানিয়ার ল্যাট্রোবে গিয়ে তিনি বলেন, নিশ্চিৎ করতে হবে, আপনার ভোটটি যাতে গোনা হয়। কারণ একমাত্র জালিয়াতি করেই তারা আমাদের হারাতে পারবে। একবারের বেশি ভোট দান যুক্তরাষ্ট্রে বেআইনি। শুধু তাই নয়, এই কাজে মদত দেওয়ারও উত্তর ক্যারোলাইনার মতো রাজ্যে গুরুতর অপরাধ!

নর্থ ক্যারোলিনার অ্যাটর্নি জেনারেল জশ স্টেইন বলেন, প্রকাশ্য জনসভায় দাঁড়িয়ে আইন ভাঙার কথা বলছেন ট্রাম্প। টুইটারে স্টেইন লেখেন, অবশ্যই ভোট দিন। তবে দু’বার না। আমার হাতে যা ক্ষমতা আছে, তা দিয়ে নভেম্বরে সাধারণ মানুষের স্বার্থ সুরক্ষিত করার চেষ্টা করব আমি। এত বিতর্কের মাঝেও নিজের বক্তব্যে অনড় প্রেসিডেন্ট ট্রাম্প। তিনি টুইটে বলছেন, ডাকযোগে ভোট দেওয়ার পর সোজা বুথ কেন্দ্রে ভোট দিতে পৌঁছে যাবেন।

ডেমোক্র্যাটিক ন্যাশনাল কনভেনশনের ডিরেক্টর রেইনা ওয়াল্টার্স-মরগ্যান বলেন, স্পষ্ট করে দিতে চাই, ডাকযোগে ভোট একেবারে নিরাপদ। সুরক্ষিত উপায়েই ভোট দিতে পারবেন নাগরিকেরা। ট্রাম্পের

উচিত, গোটা প্রক্রিয়াকে আরও সহজ করে তোলা। কঠিন করা তোলা নয়।

উত্তর ক্যারোলাইনার বোর্ড অফ ইলেকশনের মুখপাত্র প্যাট্রিক গ্যানন বলছেন, ‘দু’বার ভোটদান সম্ভব নয়। প্রথমত, এটা বড় অপরাধ। দ্বিতীয়ত, ব্যালট ডাকযোগে আমাদের হাতে এসে পৌঁছানোর আগেই যদি কেউ বুথে গিয়ে ভোট দেন, তাহলেই ওই ভোটটিই গোনা হবে। ব্যালট পরে এসে পৌঁছালেও তা বাতিল হয়ে যাবে।

সূত্র- বিডি-প্রতিদিন

সুন্দরবনের প্রজনন কেন্দ্রে কুমির পিলপিলের ডিম থেকে বাচ্চা ফুটেছে

বাগেরহাটের পূর্ব সুন্দরবনের করমজল বন্যপ্রাণী প্রজনন কেন্দ্রে লবণ পানি প্রজাতির কুমির পিলপিলের ৪৪টি ডিমের মধ্য থেকে মাত্র ৪টি থেকে বাচ্চা ফুটেছে। গত ১২ জুন প্রজনন কেন্দ্রের পুকুর পাড়ে কুমির পিলপিল ৪৪টি ডিম পাড়ার পর ডিমগুলো সংগ্রহ করে তার মধ্য থেকে ২১টি ডিম বাচ্চা ফুটানোর জন্য পুকুর পাড়ে পিলপিলের ডিম পাড়ার বাসায়, ১২টি পুরাতন ইনকিউবেটরে আর ১১টি নতুন ইনকিউবেটরে রাখা হয়।

এরমধ্যে আজ শনিবার সকালে নতুন ইনকিউবেটরে রাখা ১১টি ডিমের মধ্য থেকে ৪টি বাচ্চা ফুটে বের হয়। সাম্প্রতিক সময়ে জোয়ারের পানিতে প্রজনন কেন্দ্রের পুকুর পাড়ে পিলপিলের ডিম পাড়ার তা দেয়ার বাসা ডুবে যাওয়ায় সেখানে থাকা ২১টি ডিমসহ পুরাতন ইনকিউবেটনে রাখা ১২ ডিমের সব নষ্ট হয়ে যায়। এর আগে গত ২৯ মে অপর কুমির জুলিয়েট ৫২টি ডিম পাড়লেও তা থেকে কোন বাচ্চা ফোটেনি।

এবার কুমির পিলপিলে ৪৪টি ডিমের মধ্য থেকে ৪টি বাচ্চা ফোটায় আশার আলো দেখছেন সুন্দরবন বিভাগ। এক বছর আগে জুলিয়েট ও পিলপিরের সাথে রোমিও নামের বয়স্ক পুরষ কুমিরটিকে সরিয়ে আলেকজান্ডার নামে নতুন

একটি যুবক কুমির রাখায় পিলপিলের ডিম থেকে বাচ্চা ফুটেজে বলে জানিয়েছেন কুমির প্রজনন কেন্দ্রের কর্মকর্তারা। শনিবার পিলপিলের ডিম থেকে ফুটে বের হওয়া ৪টিসহ কুমির প্রজনন কেন্দ্রের মোট কুমিরের সংখ্যা দাঁড়িয়েছে ১৯৯টিতে।

কুমির প্রজনন কেন্দ্রে পিলপিল ও জুলিয়েট নামক দুইটি নারী কুমির দিয়েই প্রজনন কার্যক্রম চলে আসছে। এরমধ্যে গত ২৯ মে জুলিয়েট ৫২টি ডিম দিলেও তা থেকেও কোন বাচ্চা ফুটেনি।

সুন্দরবনের চাঁদপই রেঞ্জের করমজল বন্যপ্রাণী প্রজনন ও পর্যটন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজাদ কবির জানান, আজ (শনিবার) সকালে নতুন ইনকিউবেটরে রাখা ১১টি ডিমের মধ্য থেকে ৪টি বাচ্চা ফুটেছে। ২০২০ সালে পিলপিল ৪৪টি আর জুলিয়েট ৫২টি ডিম দেয়। এরমধ্যে পিলপিলের ৪টি বাচ্চা হলেও জুলিয়েটের ডিম থেকে কোন বাচ্চা আসেনি। গত ২০১৭, ১৮ ও ১৯ সালে পিলপিল ও জুলিয়েটের ডিম থেকে একটিও বাচ্চা ফুটেনি।

তবে এ কারণে তিনি যথা সময়ে সঠিক তাপমাত্রা না পাওয়া ও কেন্দ্রের ইনকিউবেটরের ক্রুটিকেই দায়ী করছেন। এবারের অভিজ্ঞতাকে কাজে লাগেয়ে আগামীতে নশংন-নতুন ইনকিউবেটরে রেখে কুমিরের ডিম থেকে অধিক পরিমাণ বাচ্চা ফোটানো সম্ভব হবে।

মূলত সুন্দরবনে বিলুপ্তপ্রায় লবণ পানির প্রজাতির কুমিরের প্রজনন ও বংশ বিস্তারের লক্ষ্যেই ২০০০ সালে করমজলে এই কুমির প্রজনন কেন্দ্রটি চালু করে বন বিভাগ। করমজলের কুমির প্রজনন কেন্দ্রে বর্তমানে ছোট বড় মিলিয়ে মোট ১৯৯ টি কুমির রয়েছে। এছাড়াও এ প্রজনন কেন্দ্র থেকে প্রাপ্ত বয়স্ক ৯৭টি কুমির সুন্দরবনের নদ-নদীতে অবমুক্ত করেছে বন বিভাগ।

সূত্র- বিডি-প্রতিদিন

ইউএনওর শারীরিক অবস্থার উন্নতি হয়েছে: মেডিকেল বোর্ড

দিনাজপুরের ঘোড়াঘাটের উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ওয়াহিদা খানমের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে বলে জানিয়েছে তার চিকিৎসায় গঠিত মেডিকেল বোর্ড।

শনিবার দুপুরে বোর্ডের সদস্য সচিব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস অ্যান্ড হসপিটালে নিউরোসার্জারি বিভাগের অধ্যাপক জাহেদ হোসেন বলেন, ওয়াহিদা খানমের জ্ঞানের মাত্রা স্বাভাবিক মানুষের জ্ঞানের মাত্রার সমান। এখন উনি সবাইকে চিনতে পারছেন। কথা বলেছেন। স্বামীর সঙ্গেও কথা বলেছেন।

জাহেদ হোসেন আরও বলেন, তবে ওয়াহিদা খানমের শরীরের ডান পাশ অবশ। কবে উন্নতি হবে, তা বলা কঠিন। এ বিষয়টি বাদে ওনার অনেক উন্নতি হয়েছে। তাকে এখনো নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রাখা হয়েছে। তিনি আশঙ্কামুক্ত হয়েছেন কিনা, তা ৭২ ঘণ্টা পর নিশ্চিত করে বলা যাবে।

ওয়াহিদা খানমের চিকিৎসায় আট সদস্যের মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে। বোর্ডের প্রধান করা হয়েছে রাজধানীর আগারগাঁও ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস অ্যান্ড হসপিটালের পরিচালক কাজী দীন মোহাম্মদকে।

গত বুধবার রাতে উপজেলা পরিষদ ক্যাম্পাসে ইউএনওর বাসভবনের বাথরুমের ভেন্টিলেটর দিয়ে বাসায় ঢুকে ওয়াহিদা ও তার বাবা ওমর আলীর ওপর হামলা করা হয়। এ ঘটনায় দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা যুবলীগের আহ্বায়ক মো. জাহাঙ্গীর আলম এবং সদস্য আসাদুল ইসলামসহ চারজনকে পুলিশ ও র্যাব যৌথ অভিযান চালিয়ে আটক করে। পরে জাহাঙ্গীরকে ছেড়ে দেওয়া হয়।

সূত্র- বিডি প্রতিদিন

প্রধানমন্ত্রীর দূরদর্শিতায় সংকট মোকাবিলা করে এগিয়ে যাচ্ছে দেশ: মতিয়া চৌধুরী

আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, সাবেক কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শিতার কারণেই শত সংকট মোকাবিলা করে বারবার ঘুরে দাঁড়াচ্ছে বাংলাদেশ। জাতীয় প্রেস ক্লাবের আব্দুস সালাম হল মিলানায়তনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে আজ তিনি এ কথা বলেন।

করোনাসহ সকল সংকট মোকাবেলায় প্রধানমন্ত্রীর পাশে থাকতে দেশবাসীর প্রতি আহবান জানান বেগম মতিয়া চৌধুরী। বঙ্গবন্ধুর পলাতক খুনীদের দেশে ফিরিয়ে আনা প্রসঙ্গে তিনি বলেন, কোনো সভ্য সমাজে তাদের জায়গা হতে পারে না। খুব শীঘ্রই খুনীদের দেশে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করা হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে পানিসম্পদ উপমন্ত্রী এ কে এম এনামুল হক শামীম এমপি বলেন, বঙ্গবন্ধুর জীবনাদর্শ তরুণ প্রজন্মের মাঝে ছড়িয়ে দিয়ে তাদেরকে দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে।

বঙ্গবন্ধু দুস্থ কল্যাণ সংস্থার সভাপতি মাহাবুব হোসেনের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা এম এ করিম, ব্যারিস্টার জাকির আহমেদ, সাংবাদিক ছাত্রনেতা মানিক লাল ঘোষ, অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক রোকন উদ্দিন পাঠান।

সূত্র- বিডি প্রতিদিন